গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল
কুমিল্লা সদর দক্ষিণ , কুমিল্লা।

২০২১-২০২২ অর্থ বছরে উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ভেটেরিনারি হাসপাতাল কুমিল্লা সদর দক্ষিণ কুমিল্লা নৈতিকতা কমিটির ৩য় সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ডা. মোহাম্মদ ইসমাইল হোসেন, ইউএলও , কুমিল্লা সদর দক্ষিণ , কুমিল্লা |
| সভার তারিখ | : | ১৩/০৩/২০২২ খ্রি.। |
| সভার স্থান | : | উপজেলা প্রাণিসম্পদ দপ্তরের সভা কক্ষ। |
| সময় | : | বেলা ১০.০০ ঘটিকা। |

**সভার উপস্থিতি পরিশিষ্ট - "ক" দ্রষ্টব্য।**

সভার প্রারম্ভে অংশ অংশগ্রহণকৃত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে অত্র দপ্তরের উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (সম্প্রসারণ) জনাব মোঃ ইউসুফ আলী মজুমদার ২য় ত্রৈমাসিক সভার কার্যবিবরণী এবং বাস্তবায়ন অগ্রগতি সভায় তুলে ধরেন।

তিনি আরো জানান নির্ধারিত সময়ের মধ্যে উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবর সমস্ত ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করা হয়েছে।
বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী বিভিন্ন প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে।
তথ্য বাতায়নের সেবা বক্স সমূহ ৮০ % হালনাগাদ করা হয়েছে । কিছু কিছু সেবাবক্স হালনাগাদ করতে সমস্যা হচ্ছে।
উত্তম চর্চা তালিকা প্রণয়ন করে কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করা হয়েছে।
সচিবালয় নির্দেশমালা অনুযায়ী নথির শ্রেণী বিন্যাস এর কাজ এগিয়ে চলছে। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়:

সিদ্ধান্ত :

১. উপজেলা প্রাণিসম্পদ দপ্তর এর ওয়েবসাইটে যাবতীয় কনটেন্ট হালনাগাদ করার সিদ্ধান্ত গৃহীত হয়।
২. নৈতিকতা কমিটির পরবর্তী সভা যথাসময়ে আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয়।
৩. নৈতিকতা কমিটির সভায় গৃহীত সিদ্ধান্ত শতভাগ বাস্তবায়ন করতে হবে।
৪. এপিএ লক্ষ্যমাত্রা অনুযায়ী সমস্ত প্রশিক্ষণ ও সভা যথাসময়ে আয়োজন করতে হবে।

সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি ও উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৩/০৩/২০২২
**ডা. মোহাম্মদ ইসমাইল হোসেন**
উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
কুমিল্লা সদর দক্ষিণ , কুমিল্লা।

স্মারক নং: ৩৩.০১.১৯৩৩.০০০.০৬.০২৯.২২.৬৭ তারিখঃ ১৩/০৩/২০২২ খ্রি.
অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

০১। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা , কুমিল্লা।
০২। সংশ্লিষ্ট নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল
কুমিল্লা সদর দক্ষিণ , কুমিল্লা

## ২০২১-২২ অর্থ বছরে নৈতিকতা কমিটির ২য় সভার কার্যবিবরণী।

সভাপতি : ডা. মোহাম্মদ ইসমাইল হোসেন, ইউএলও , কুমিল্লা সদর দক্ষিণ , কুমিল্লা
সভার তারিখ : ১২/১২/২০২১ খ্রি.।
সভার স্থান : উপজেলা প্রাণিসম্পদ দপ্তরের সভা কক্ষ।
সময় : বেলা ১১.০০ ঘটিকা।

সভার উপস্থিতি পরিশিষ্ট - "ক" দ্রষ্টব্য।

সভাপতি, উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে অংশীজনের অংশগ্রহণের অবহিতকরণ সভা , জাতীয় শুদ্ধাচার কর্মকৌশল পরিকল্পনার আওতায় শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ, তথ্য অধিকার , অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা , সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে গৃহীত সিদ্ধান্ত সমূহ নিম্নরূপ:

১. শুদ্ধাচার কর্মকৌশল পরিকল্পনার ত্রৈমাসিক বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ নিশ্চিত করতে হবে।
২. কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে চাকরি সংক্রান্ত বিভিন্ন প্রশিক্ষণ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী আয়োজন করতে হবে।
৩. কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণের সুশাসন সংক্রান্ত প্রশিক্ষণ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী আয়োজন করতে হবে।
৪. তথ্য বাতায়নে সেবা বক্স সমূহ হালনাগাদ করতে হবে।
৫. উত্তম চর্চার তালিকা প্রণয়ন করে উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করতে হবে।
৬. সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন অগ্রগতি নির্ধারিত সময় কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করতে হবে।
৭. সচিবালয় নির্দেশমালা - ২০১৪ অনুযায়ী নথির শ্রেণীবিন্যাস করতে হবে।
৮. নির্ধারিত সময়ে সকল ত্রৈমাসিক প্রতিবেদন উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করতে হবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

12.12.2021

**ডা. মোহাম্মদ ইসমাইল হোসেন**
উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
কুমিল্লা সদর দক্ষিণ , কুমিল্লা।

স্মারক নং: ৩৩.০১.১৯৩৩.০০০.০৬.০২৯.২১.৩৩৯ তারিখঃ ১২ /১২/২০২১ খ্রি.
অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

০১। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা , কুমিল্লা।
০২। সংশ্লিষ্ট নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল
কুমিল্লা সদর দক্ষিণ , কুমিল্লা।

## ২০২১-২০২২ অর্থ বছরে নৈতিকতা কমিটির ১ম কোয়ার্টারের সভার কার্যবিবরণী

সভাপতি ঃ ডা. মোহাম্মদ ইসমাইল হোসেন, ইউএলও , কুমিল্লা সদর দক্ষিণ , কুমিল্লা।
সভার তারিখ ঃ ১২/০৯/২০২১ খ্রি.।
সভার স্থান ঃ উপজেলার প্রাণিসম্পদ দপ্তরের সভা কক্ষ।
সময় ঃ বেলা ০৯.০০ ঘটিকা।

**সভার উপস্থিতি পরিশিষ্ট - "ক" দ্রষ্টব্য।**

সভার শুরুতে সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন । অতঃপর সভাপতি অত্র দপ্তরের ভেটেরিনারি সার্জন ডা. এ.কে.এম. রকিবুল হাসানকে সভা আহবানের উদ্দ্যেশ্য বিষয়েসভায় অংশগ্রহনকারীদের সম্মুখে উপস্থাপনের নির্দেশ দেন। সভাপতির নির্দেশনা মোতাবেক জনাব ডা. এ.কে.এম. রকিবুল হাসান সভার উদ্দেশ্য উপস্থাপন করেন এবং বিস্তারিত আলোচনার জন্য উপস্থিত সকলকে আহবান করেন। জানান।

সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রম | বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১ | প্রাতিষ্ঠানিক ব্যবস্থা | উপজেলা প্রাণিসম্পদ দপ্তর , কুমিল্লা সদর দক্ষিণ , কুমিল্লা এর নৈতিকতা কমিটির সভা প্রতি কোয়ার্টারে ১ টি করে মোট ৪ টি সভা অনুষ্ঠিত হবে। | নৈতিকতা কমিটি / সংশ্লিষ্ট কর্মকর্তা |
| ০২ | দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন | নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত ক্রমান্বয়ে বাস্তবায়ন করতে হবে। | ভিএস |
| ০৩ | শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ | বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি অনুযায়ী শুদ্ধাচার সংক্রান্ত বার্ষিক ২টি প্রশিক্ষণ আয়োজন কতে হবে। | ইউএলও |
| ০৪ | কর্মপরিবেশ উন্নয়ন | কর্মপরিবেশ সুন্দর করতে বিভিন্ন কার্যক্রম পরিচালনা করা। | সংশ্লিষ্ট উপকমিটি |
| ০৫ | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২২ ও ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন প্রাণিসম্পদ অধিদপ্তরে দাখিল ও ওয়েবসাইটে আপলোড করা | যথাসময়ে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২২ ও ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন প্রাণিসম্পদ অধিদপ্তরে দাখিল ও ওয়েবসাইটে আপলোড করতে হবে। | ভিএস |
| ০৬ | ২০২১-২২ অর্থ বছরের ক্রয় পরিকল্পনা আপলোড | ২০২১-২২ অর্থ বছরের ক্রয় পরিকল্পনা ওয়েবসাইটে আপলোড করতে হবে। | ঐ |
| ০৭ | অভ্যন্তরীন সেবা প্রদানে দূর্নীতি প্রতিরোধে অবহিতকরণ সভা | অভ্যন্তরীন সেবা প্রদানে দূর্নীতি প্রতিরোধে অবহিতকরণ সভার আয়োজন করতে হবে। | সংশ্লিষ্ট উপকমিটি |
| ০৮ | সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহনে ১ম মতবিনিময় সভা | সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহনে ১ম মতবিনিময় সভার আয়োজন করতে হবে। | সংশ্লিষ্ট উপকমিটি |
| ০৯ | উত্তম চর্চার তালিকা | উত্তম চর্চার তালিকা যথাসময়ে ওয়েবসাইটে আপলোড করতে হবে। | |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘেষনা করেন।

12.09.2021
ডা. মোহাম্মদ ইসমাইহোসেন
উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
কুমিল্লা সদর দক্ষিণ , কুমিল্লা।
ও
সভাপতি
নৈতিকতা কমিটি

স্মারক নং-৩৩.০১.১৯৩৩.০০০.০৬.০২৯.২১. ২৮২

তারিখঃ ১২/০৯/২০২১ খ্রি.

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ
১। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা , কুমিল্লা।
২। সদস্য (সকল) ............................................ , কুমিল্লা সদর দক্ষিণ , কুমিল্লা।
৩। সংশ্লিষ্ট নথি।